

# ■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৭৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৭২]

৫/ সালামের আদব (১ সালামের আদব)

পরিচ্ছেদঃ ১৪০: বাড়িতে প্রবেশ করার অনুমতি গ্রহণ ও তার আদব-কায়দা

(140) بَابُ الإِسْتِئْذَانِ وَآدَابِهِ

### আরবী

وَعَنْ رِبْعِيّ بِنِ حِرَاشٍ، قَالَ: حَدَّتَنَا رَجُلٌ مِنْ بَنِي عَامِرٍ أَنَّهُ اسْتَأَذَنَ عَلَى النّهِ علىه الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أُخْرُجْ إِلَى هَذَا فَعَلِّمهُ الإسْتِئذَانَ، فَقُلْ لَهُ: قُلِ: السَّلاَمُ عَلَيْكُمْ، أَأَدْخُلُ ؟ فَسَمِعَهُ الرَّجُلُ، فَقَالَ: السَّلامُ عَلَيْكُمْ، أَأَدْخُلُ ؟ فَأَذِنَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَدَخَلَ . رواه أَبُو داود بإسناد صحيح

#### বাংলা

৩/৮৭৭। রিক্মী ইবনে হিরাশ (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন বনু 'আমেরের একটা লোক আমাকে হাদীস বর্ণনা করেছেন যে, সে একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট (প্রবেশ) অনুমতি চাইল। তখন তিনি বাড়িতে উপস্থিত ছিলেন। সুতরাং সে নিবেদন করল, 'আমি কি প্রবেশ করব?' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় খাদেমকে বললেন, 'বাইরে গিয়ে এই লোকটিকে অনুমতি গ্রহণের পদ্ধতি শিখিয়ে দাও এবং তাকে বল, তুমি বল 'আসসালামু আলাইকুম, আমি কি প্রবেশ করব?' সুতরাং লোকটা ঐ কথা শুনতে পেয়ে বলল, 'আসসালামু আলাইকুম, আমি কি প্রবেশ করব?' অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অনুমতি দিলেন এবং সে প্রবেশ করল। (আবু দাউদ, বিশুদ্ধ সূত্রে) [1]

## **English**

(140) Chapter: Seeking Permission to Enter (Someone's House) and Manners Relating to It

Rib'i bin Hirash (May Allah be pleased with him) reported:

A man of Banu 'Amir tribe has told us that he had asked the Prophet (ﷺ) for permission to enter when he was at home. He said: "May I enter?"

Messenger of Allah (ﷺ) said to the servant, "Go out and instruct him about the manner of seeking permission. Tell him to say: As-Salamu 'Alaikum (may



you be safe from evil). May I come in?" The man heard this and said: "As-Salamu 'Alaikum (may you be safe from evil). May I come in?" The Prophet (ﷺ) then accorded permission to him and he entered in.

[Abu Dawud].

Commentary: This Hadith teaches us manners of visiting a house. One should offer As-Salam to the host at the doorstep and then seek his permission to enter. Moreover, we are told to impart a religious information to an ignorant person so that he may put it into practice.

### ফুটনোট

[1] আবূ দাউদ ৫১৭৭, আহমাদ ২২৬১৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ রিবঈ ইবনু হিরাশ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন